PUBDET-2019

Subject : BENGALI

(Booklet Number)

সময় : ৯০ মিনিট

সর্বাধিক নম্বর : ১০০

## নির্দেশাবলী

১. এই প্রশ্নপত্রের সব প্রশ্নই অবজেক্টিভ প্রশ্ন এবং প্রতিটি প্রশ্নের চারটি সম্ভাব্য উত্তর দেওয়া আছে যার একটি মাত্র সঠিক। সঠিক উত্তর দিলে 2 নম্বর পাবে। ভুল উত্তর দিলে অথবা একাধিক উত্তর দিলে ½ নম্বর কাটা যাবে।

২. OMR পত্রে A, B, C, D চিহ্নিত সঠিক ঘরটি ভরাট করে উত্তর দিতে হবে।

৩. OMR পত্রে উত্তর দিতে শুধুমাত্র **কালো** বা **নীল** বল পয়েন্ট পেন ব্যবহার করবে।

৪. OMR পত্রে নির্দিষ্ট স্থান ছাড়া অন্য কোথাও কোনো দাগ দেবে না।

৫. **OMR** পত্রে নির্দিষ্ট স্থানে প্রশ্নপত্রের নম্বর এবং নিজের রোল নম্বর অতি সাবধানতার সাথে লিখতে হবে এবং প্রয়োজনীয় ঘরগুলি পূরণ করতে হবে।

৬. OMR পত্রে নির্দিষ্ট স্থানে নিজের নাম ও পরীক্ষাকেন্দ্রের নাম লিখতে হবে এবং নিজের সম্পূর্ণ স্বাক্ষর দিতে হবে।

৭. প্রশ্নপত্রের নম্বর বা রোল নম্বর ভুল লিখলে, অথবা ভুল ঘর ভরাট করলে, পরীক্ষার্থীর নাম, পরীক্ষাকেন্দ্রের নাম বা স্বাক্ষরে কোনো ভুল থাকলে উত্তরপত্র বাতিল হয়ে যেতে পারে। OMR পত্রটি ভাঁজ হলে বা তাতে অনাবশ্যক দাগ পড়লেও বাতিল হয়ে যেতে পারে। পরীক্ষার্থীর এই ধরনের ভুল বা অসতর্কতার জন্য উত্তরপত্র বাতিল হলে একমাত্র পরীক্ষার্থী নিজেই তার জন্য দায়ী থাকবে।

৮. মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্লাইডরুল, লগটেবল, হাতঘড়ি, রেখাচিত্র, গ্রাফ বা কোনো ধরনের তালিকা পরীক্ষাকক্ষে আনা যাবে না। আনলে সেটি বাজেয়াপ্ত হবে এবং পরীক্ষার্থীর ওই পরীক্ষা বাতিল করা হবে।

৯. প্রশ্নপত্রের শেষে রাফ কাজ করার জন্য ফাঁকা জায়গা দেওয়া আছে। অন্য কোনো কাগজ এই কাজে ব্যবহার করবে না।

১০. পরীক্ষাকক্ষ ছাড়ার আগে OMR পত্র অবশ্যই পরিদর্শককে দিয়ে যাবে।

# BENGALI

1. চর্যাগানের পুঁথিটিতে প্রাপ্ত 'আপনা মাংসে হরিণা বৈরী' পদটি কার রচনা ?

(A) লুইপাদ　　(B) ভুসুকুপাদ

(C) সরহপাদ　　(D) শবরপাদ

2. বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে ১৯১৬ সালে প্রকাশিত বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির ভূমিকা লিখেছিলেন কে?

(A) বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ　　(B) হরপ্রসাদ শাস্ত্রী

(C) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী　　(D) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

3. নিচের কবিদের মধ্যে কে ভাগবতের সম্পূর্ণ অনুবাদ করেছিলেন ?

(A) মালাধর বসু　　(B) গোবিন্দ আচার্য

(C) ভবানন্দ মিশ্র　　(D) রঘুনাথ ভাগবতাচার্য

4. বাংলায় প্রকাশিত প্রথম সাময়িক পত্র কোনটি ?

(A) সমাচার দর্পণ　　(B) দিগদর্শন

(C) সম্বাদ কৌমুদী　　(D) বাঙ্গাল গেজেট

5. 'চারুপাঠ' কার রচনা ?

(A) অক্ষয়কুমার দত্ত　　(B) ভূদেব মুখোপাধ্যায়

(C) রাজনারায়ণ বসু　　(D) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

6. নিচের কোন যুগ্মকটি সঠিক?
   - (A) বিজ্ঞানের সংকট - জগদীশচন্দ্র বসু
   - (B) নদীপথে - দীনেশচন্দ্র সেন
   - (C) তেল-নুন-লকড়ি - প্রমথ চৌধুরী
   - (D) বাতায়নিকের পত্র - অন্নদাশংকর রায়

7. নিচের ত্রুটিপূর্ণ উক্তিটি হল -
   - (A) 'কাঞ্চীকাবেরী' কাব্যের লেখক হলেন হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
   - (B) 'হেক্টর বধ' লিখেছিলেন মাইকেল মধুসূদন দত্ত
   - (C) 'স্বপ্নপ্রয়াণ' এর কবি হলেন দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
   - (D) 'অশ্রুকণা' কাব্যটি লেখেন গিরীন্দ্রমোহিনী দাসী

8. প্রকাশকালের অনুক্রম অনুযায়ী রবীন্দ্রকাব্যের কোন গুচ্ছটি সঠিক?
   - (A) প্রভাতসঙ্গীত, চিত্রা, স্মরণ, বলাকা
   - (B) চিত্রা, বলাকা, প্রভাতসঙ্গীত, স্মরণ
   - (C) চিত্রা, বলাকা, স্মরণ, প্রভাতসঙ্গীত
   - (D) প্রভাতসঙ্গীত, চিত্রা, বলাকা, স্মরণ

9. নিচের কোন তথ্যটি ভুল?
   - (A) রাজকৃষ্ণ রায়ের 'হরধনুভঙ্গ' নাটকে প্রথম ভাঙ্গা অমিত্রাক্ষর ছন্দ প্রযুক্ত হয়
   - (B) 'সুরেন্দ্র বিনোদিনী' নাটকের অভিনয় সরকারি আদেশে বন্ধ করা হয়
   - (C) 'যাজ্ঞসেনী' নাটকের রচয়িতা গিরিশচন্দ্র ঘোষ
   - (D) 'আনন্দ বিদায়' নাটকে দ্বিজেন্দ্রলাল রবীন্দ্রনাথকে পরোক্ষে আক্রমণ করেন

10. নিচের তালিকায় কোনটি অসঙ্গতিপূর্ণ?
   - (A) কালমৃগয়া - গীতিনাট্য
   - (B) বৈকুণ্ঠের খাতা - কৌতুক নাট্য
   - (C) শ্যামা - নৃত্যনাট্য
   - (D) বিসর্জন - রূপকনাট্য

11. নিচের তালিকার মধ্যে কোনটি প্রভাতকুমার মুখোপাধ্যায়ের উপন্যাস নয়?

(A) রত্নদীপ (B) নবীন সন্ন্যাসী

(C) অভয়ের বিয়ে (D) আরতি

12. নিচের প্রবাদগুলির মধ্যে কোনটি আচার আচরণমূলক?

(A) নেই কাজ তো খই ভাজ (B) যারে দেখতে নারি তার চলন বাঁকা

(C) শকুনের নজর ভাগাড়ের দিকে (D) কাজের মধ্যে দুই, খাই আর শুই

13. নিচের ত্রুটিপূর্ণ মন্তব্যটি হল -

(A) ধাঁধাকে হিন্দি ও উর্দুতে বলে 'পহেলি' (B) টাঙ্গাইল অঞ্চলে ধাঁধার নাম 'শিলোক'

(C) ঋকবেদে ধাঁধার নিদর্শন পাওয়া যায় না (D) মহাভারতে প্রচুর ধাঁধার নমুনা আছে

14. নিচের তালিকার মধ্যে অসঙ্গতিপূর্ণ নাম কোনটি?

OFFICE COPY

(A) স্যার হাবার্ট রিজলি (B) সুকুমার সেন

(C) বিরজাশঙ্কর গুহ (D) অতুল সুর

15. ইন্দো - ইউরোপীয় ভাষাগোষ্ঠীর অন্তর্ভুক্ত নয় কোন ভাষাটি?

(A) হিত্তি (B) কেলতিক

(C) তোখারীয় (D) আর্মেনীয়

16. পাকিস্তানের বেলুচিস্থানে যে ভাষার চিহ্ন মেলে তার নাম কী?

(A) কুরুখ (B) মালতো

(C) ব্রাহুই (D) কেডগু

17. 'অমরকোষ'-এর টীকা রচনা করেছিলেন কে ?

(A) ভট্ট ভবদেব

(B) জীমূতবাহন

(C) রঘুনন্দন ভট্টাচার্য

(D) বন্দ্যঘটীয় সর্বানন্দ

18. লিপির বিবর্তনে নিচের কোন ক্রমটি সঠিক ?

(A) ভাবলিপি, অক্ষরলিপি, চিত্রলিপি, ধ্বনিলিপি

(B) চিত্রলিপি, ভাবলিপি,ধ্বনিলিপি, অক্ষরলিপি

(C) গ্রন্থিলিপি, চিত্রলিপি, ভাবলিপি, ধ্বনিলিপি

(D) ধ্বনিলিপি, ভাবলিপি, গ্রন্থিলিপি, চিত্রলিপি

19. সাহিত্যিক গদ্যের সাধুরীতির রূপটি কার হাতে প্রথম গড়ে ওঠে ?

(A) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার

(B) রাজা রামমোহন রায়

(C) রাজীবলোচন মুখোপাধ্যায়

(D) উইলিয়াম কেরী

20. নিচের কোন জোড়টি অসঙ্গতিপূর্ণ ?

(A) জেনারেল ন্যাপলা - শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

(B) বন্ধু - প্রেমেন্দ্র মিত্র

(C) প্ল্যানচেট - সত্যজিৎ রায়

(D) যোগেন পন্ডিত - বনফুল

21. নিচের কোন তথ্যটি সঠিক নয় ?

(A) শ্রীকৃষ্ণকীর্তনে মোট ৩২টি রাগ-রাগিণীর ব্যবহার দেখা যায়

(B) পাঁচালি মূলত বাংলার লোকগানেরই বিশিষ্ট একটি সুর

(C) কীর্তন গানে মোট ৬৪ প্রকার রসের সন্ধান পাওয়া যায়

(D) কীর্তন ও ভজনের মধ্যে কোনো পার্থক্য নেই

22. বাংলায় সর্বপ্রথম ধ্রুবক কে রচনা করেন ?

(A) কালী মির্জা

(B) রামশঙ্কর ভট্টাচার্য

(C) যদু ভট্ট

(D) জ্ঞান গোঁসাই

23. নিচের বিবৃতিগুলির মধ্যে কোনটি সঠিক ?

(A) সারিগান গাওয়া হয় কৃষিক্ষেত্রে কৃষকদের মুখে

(B) ভাটিয়ালি কোরাস সঙ্গীত হিসেবে গীত হয়

(C) ভাওয়াইয়া গানের গায়ককে বলে বাউদিয়া

(D) জারিগান পশ্চিমবঙ্গের জঙ্গলমহলে গীত হয়

24. ম্যাডান কোম্পানির প্রযোজনায় প্রথম বাংলা কাহিনিচিত্র কোনটি ?

(A) বিল্বমঙ্গল (B) নল - দময়ন্তী

(C) শিবরাত্রি (D) প্রফুল্ল

25. বাংলায় প্রথম সবাক সিনেমা (টকি) কোনটি ?

(A) আলম আরা (B) চণ্ডীদাস

(C) জামাই ষষ্ঠী (D) বিদ্যাপতি

OFFICE COPY

26. ডাক্তার লালমোহন মুখোপাধ্যায় কী কারণে বিখ্যাত ?

(A) তিনি 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কালটিভাশন অফ সায়েন্সের' প্রতিষ্ঠাতা

(B) তিনি 'ক্যালকাটা মেডিক্যাল অ্যাসোসিয়েশনের' প্রতিষ্ঠাতা সভাপতি

(C) কলকাতায় হোমিওপ্যাথিক চিকিৎসার পথিকৃৎ

(D) তিনি কালাজ্বরের ঔষধ আবিষ্কার করেন

27. ভারতে প্রথম বাষ্পীয় ইঞ্জিনের নির্মাতা ছিলেন কে ?

(A) শিবচন্দ্র নন্দী (B) রাজকৃষ্ণ কর্মকার

(C) গোলকচন্দ্র নন্দী (D) মহেশচন্দ্র নন্দী

28. ভারতীয় কুস্তির বিশিষ্ট ব্যক্তিত্ব গোবর গুহের আসল নাম কী?

(A) যতীন্দ্রচরণ গুহ

(B) যতীন্দ্রমোহন গুহ

(C) যতীন্দ্রনাথ গুহ

(D) জ্যোতিষচন্দ্র গুহ

29. নিচের মধ্যে কোনটি ফলিত ভাষাবিজ্ঞানের মধ্যে পড়ে না?

(A) স্নায়ুভাষাবিজ্ঞান

(B) শৈলীবিজ্ঞান

(C) ধ্বনিবিজ্ঞান

(D) নৃভাষাবিজ্ঞান

30. ব্যঞ্জনধ্বনি সম্পর্কিত নিচের যে তালিকাটি অসঙ্গতিপূর্ণ সেটি হল -

(A) প - ওষ্ঠ, অঘোষ অল্পপ্রাণ

(B) দ - দন্ত্য, ঘোষ মহাপ্রাণ

(C) ঠ - মূর্ধন্য, অঘোষ মহাপ্রাণ

(D) ঝ - দন্ত্যমূলীয় , অঘোষ মহাপ্রাণ

OFFICE COPY

31. 'সংস্কৃত' শব্দটি কী ধ্বনির উদাহরণ?

(A) যুক্তধ্বনি

(B) বিভাজ্য ধ্বনি

(C) গুচ্ছধ্বনি

(D) অবিভাজ্য ধ্বনি

32. 'মৃত্যুদণ্ড' কোন ধরনের রূপমূলের দৃষ্টান্ত?

(A) জটিল রূপমূল

(B) মিশ্ররূপমূল

(C) সমন্বয় রূপমূল

(D) নিষ্পাদিত রূপমূল

33. সংবর্তনী সঞ্জননী ব্যাকরণের প্রবর্তক কে?

(A) রোমান য়াকবসন

(B) ফার্দিনাদ দ্য সোস্যুর

(C) নোয়াম চমস্কি

(D) লেওনার্দ ব্লুমফিল্ড

34. 'জরাসন্ধ' কার ছদ্মনাম ?

(A) চারুচন্দ্র চক্রবর্তী

(B) চারুচন্দ্র ভট্টাচার্য

(C) চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়

(D) চারুচন্দ্র চট্টোপাধ্যায়

35. মহানগরী থেকে তেলেনাপোতার দূরত্ব কত ?

(A) মাত্র কুড়ি কিলোমিটার

(B) মাত্র কুড়ি মাইল

(C) মাত্র ত্রিশ মাইল

(D) মাত্র ত্রিশ কিলোমিটার

36. নিচের কোন রচনাটি সতীনাথ ভাদুড়ির নয় ?

(A) জাগরী

(B) ঢোঁড়াই চরিত মানস

(C) চিত্রগুপ্তের ফাইল

(D) হলুদ নদী সবুজ বন

COPY

37. ক্রিস্টোফার কলম্বাস কোন শহরে বাস করতেন ?

(A) জেনোয়া

(B) ভেনিস

(C) রোম

(D) মিলান

38. বিশ্ববিখ্যাত বিজ্ঞানী গ্যালিলিও কবে জন্মগ্রহণ করেছিলেন ?

(A) ১৫৪৪ খ্রিস্টাব্দে

(B) ১৫৫৪ খ্রিস্টাব্দে

(C) ১৫৬৪ খ্রিস্টাব্দে

(D) ১৫৭৪ খ্রিস্টাব্দে

39. জনার কাহিনি মহাভারতের কোন পর্বে আছে ?

(A) ভীষ্ম পর্বে

(B) দ্রোণ পর্বে

(C) অনুশাসন পর্বে

(D) অশ্বমেধ পর্বে

40. লালন ফকিরের জন্মস্থান ছিল কোথায় ?

(A) যশোরে
(B) কুষ্ঠিয়ায়
(C) খুলনায়
(D) আরশিনগরে

41. ধর্মরাজ কে ?

(A) যুধিষ্ঠির
(B) সূর্য
(C) যম
(D) শনিঠাকুর

42. 'নুন' কবিতাটি জয় গোস্বামীর কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(A) ভুতুম ভগবান
(B) পাগলী তোমার জন্য
(C) ঘুমিয়েছ ঝাউপাতা
(D) ক্রিসমাস ও শীতের সনেটগুচ্ছ

43. আইয়াপ্পা পানিকর কোন ভাষার কবি ?

(A) তামিল
(B) তেলেগু
(C) কন্নড়
(D) মালয়ালম

44. 'সর্বনাশের বাজনা বাজলেই নাচ শুরু হয় দাদা'- উক্তিটি কার ?

(A) পঞ্চকের
(B) মহাপঞ্চকের
(C) সঞ্জীবের
(D) জয়োত্তমের

45. মহাশ্বেতা দেবী সম্পর্কে নিচের কোন তথ্যটি সত্য নয় ?

(A) তাঁর পিতার ছদ্মনাম 'যুবনাশ্ব'
(B) তিনি বাংলা ভাষা ও সাহিত্যের অধ্যাপিকা ছিলেন
(C) তাঁর প্রথম মুদ্রিত গ্রন্থ 'ঝাঁসীর রানী' বের হয় সাপ্তাহিক দেশ পত্রিকায়
(D) তিনি জ্ঞানপীঠ পুরস্কারে ভূষিত হয়েছিলেন

46. 'রূপনারানের কূলে' কবিতাটি রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(A) আরোগ্য  (B) রোগশয্যায়

(C) শেষলেখা  (D) নবজাতক

47. সমর সেনের সঙ্গে যুক্ত নয় কোন পত্রিকা ?

(A) হিন্দুস্থান টাইমস  (B) হিন্দুস্থান স্ট্যান্ডার্ড

(C) নাউ  (D) ফ্রন্টিয়ার

48. 'এই রে -- পুলিশ আসছে। লাগল ঝঞ্ঝাট। পালাও।' - 'বিভাব' নাটকের এই উক্তিটি কার ?

(A) অমরের  (B) বৌদির

(C) শম্ভুর  (D) সার্জেন্টের

49. 'মেঘের গায়ে জেলখানা দেখতে পাওয়া যায় কোথায় ?

(A) ঢাকার বিক্রমপুরে  (B) মেদিনীপুরের শালবনীতে

(C) ডুয়ার্সের বক্সায়  (D) বাংলাদেশের চাটগাঁয়ে

50. জীবনানন্দ 'শিকার' কবিতায় আকাশের রংকে কার সঙ্গে কবি তুলনা করেছেন ?

(A) গোধূলি মদির মেয়েটির সঙ্গে

(B) মোরগফুলের লালচে রঙের সঙ্গে

(C) মচকা ফুলের লাল পাপড়ির সঙ্গে

(D) ঘাস ফড়িঙের দেহের কোমল নীল রঙের সঙ্গে